বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ
প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন
১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

স্মারক নং- মিই/পউজ/ইনো.টিম-৯০/২০১৭-২০১৮/৬৪ তারিখ ঃ ০২/১২/২০১৮ইং

সভার কার্যবিবরণী

গত ০১/১২/২০১৮ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায়, প্রধান কার্যালয়ে ইনোভেশন টিম এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইনোভেশন টিম এর আহ্বায়ক ও অতিরিক্ত মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব তোফায়েল আহম্মদ। সভায় উপস্থিতি অন্যান্য সদস্যবৃন্দের নাম নিম্নে উপস্থাপন করা হলো ঃ

কমিটির সদস্য ঃ

১।	জনাব তোফায়েল আহম্মদ, অতিঃ মহাব্যবস্থাপক (প্রশাসন)	- আহ্বায়ক, ইনোভেশন টিম।
২।	জনাব প্রীতম কুমার দাশ, উপ-ব্যবস্থাপক (পউজ)	- সদস্য, ইনোভেশন টিম।
৩।	জনাব ফিরোজ অহমেদ খান, সহকারী ব্যবস্থাপক (বিপণন ও অর্থ)	- সদস্য, ইনোভেশন টিম।
৪।	জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়)	- সদস্য-সচিব, ইনোভেশন টিম।
৫।	বিদুর কুমার ঘোষ, সিনিয়র অফিসার (নিরীক্ষা)	- সদস্য, ইনোভেশন টিম।
৬।	জনাব মোঃ জালাল উদ্দিন রানা, অফিস সহকারী, ব্যবস্থাপনা পরিচালক দপ্তর	- সদস্য, ইনোভেশন টিম।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি গত ২৩/১০/২০১৮ইং তারিখের ইনোভেশন টীমের সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে ইনোভেশন টীমের সদস্য-সচিব এর নিকট জানতে চান। ইনোশেন টীমের সদস্য-সচিব জনাব ইমরান-বিন-ফারুক জানান যে, বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিম্নলিখিত ভাবে বাস্তবায়ন করা হয়েছে ঃ

বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতির বিবরণ

সিদ্ধান্ত সমূহ ০১ ঃ	মিল্ক ইউনিয়নে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন মিল্কভিটার ওয়েব সাইডে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ ০৩ ঃ	মিল্ক ইউনিয়নের পণ্য সামগ্রী হোম টু হোম ডেলিভারী এবং অন-লাইনে বিক্রয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বর্ণালী সমবায় সমিত এবং মেসার্স প্রভাতি কর্পোরেশন কে অবগত করা হয়েছে এবং তাহাদের নিজ নিজ এলাকায় হোম ডেলিভারীর জন্য রেজিষ্টেশন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ ০৪ ঃ	ভিডিও কনফারেন্সের মাধ্যমে গাভীর চিকিৎসা সেবা প্রদান বাস্তাবায়নের লক্ষ্যে স্বাক্ষর নং-মিই/পউজ/ইনো.টিম-৯০/২০১৮/২২৫১ তারিখ ঃ ০৭ নভেম্বর, ২০১৮ইং এর মাধ্যমে জনাব ডাঃ আশরাফুল ইসলাম, উপ-ব্যবস্থাপক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, খুলনা দুগ্ধ কারখানাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ ০৫ ঃ	মিল্কভিটা কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী উদ্যোগ এর মধ্যে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সমন্বয় সভা এবং গরুর চিকিৎসা করার জন্য Skype ID Open করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ ০৬ ঃ	২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ০৩টি উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে স্মারক নং- মিই/পউজ/ইনো.টিম-৯০/২০১৮/২২৭০ তারিখ ঃ ১১ নভেম্বর, ২০১৮ ইং এর মাধ্যমে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ ০৭ ঃ	স্মারক নং- মিই/পউজ/ইনো.টিম- ৯০/২০১৮/২২৫২ তারিখ ঃ ১১ নভেম্বর, ২০১৮ ইং এর মাধ্যমে ইনোভেশন টিমের সদস্য-সচিব হিসেবে কাজ করার জন্য জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়), সদস্য, ইনোভেশন টিম দায়িত্ব প্রদান করা হয়।
সিদ্ধান্ত সমূহ ০৮ ঃ	বিপণন বিভাগের জন্য Sales and Distibution Software এর কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে স্মারক নং-মিই/পউজ/ইনো.টিম- ৯০/২০১৮/২২৫৩ তারিখ ঃ ১১ নভেম্বর, ২০১৮ ইং মোতাবেক জনাব মোঃ জালাল উদ্দিন রানা, অফিস সহকারী, ব্যবস্থাপনা পরিচালক দপ্তর - সদস্য, ইনোভেশন টিমকে প্রতি সপ্তাহে ২টি অর্ধবেলা ঢাকা দুগ্ধ কারখানার বিপণন শাখায় সফটওয়্যারের কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা- ২

বর্তমান সভার সিদ্ধান্ত সমূহ

সিদ্ধান্ত সমূহ ০১ ঃ মিল্ক ইউনিয়নে ওয়েব সাইডে সেবা বক্সে ফোকাল পয়েন্টের তালিকা আপডেট করতে হবে। এ বিষয়ে ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ জালাল উদ্দিন রানাকে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত সমূহ ০২ ঃ তথ্য অধিকার আইন এর উপর মিল্ক ইউনিয়নের ২ জন কর্মকর্তাকে প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ ০৩ ঃ মিল্ক ইউনিয়নের প্রতিটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে এবং বিভিন্ন পরিবেশক ও বিক্রয় কেন্দ্রের নিজস্ব Facebook Account খুলতে হবে এবং নিজ নিজ Facebook Account এ মিল্ক ইউনিয়নের পণ্য সমগ্রী এবং বিভিন্ন সেবা মূলক কার্যক্রম তুলে ধরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইনোভেশন টীমের সদস্য-সচিব কে বিষয়টি বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রদান করার হয়। Facebook Account কাভার পেজে অবশ্যই স্বস্ব দপ্তরের নাম ও কারখানার ছবি থাকতে হবে।

সিদ্ধান্ত সমূহ ০৪ ঃ প্রতিমাসে ঢাকা দুগ্ধ কারখানা, বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা এবং টেকেরহাট দুগ্ধ কারখানায় ইনোভেশন টিমের সভা করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী কেন্দ্রীয় ইনোভেশন টিমের আহ্বায়ক বরাবর প্রেরণ করতে হবে অথবা innovation.milkvita@gmail.com এ ই-মেইল করতে হবে।

সিদ্ধান্ত সমূহ ০৫ ঃ প্রধান কার্যালয়, ঢাকা দুগ্ধ কারখানা, বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখান এবং টেকেরহাট দুগ্ধ কারখানায় কর্মরত অগ্রহীদের কে কম্পিউটার চালানোর উপর বেসিক কম্পিউটার কোর্স এর প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিভাগীয় প্রধান এর নিকট তালিকা চেয়ে চিঠি প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ ০৬ ঃ মিল্ক ইউনিয়নের ই-ফাইলিং এর কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা হয়। প্রতিটি কারখানা/বিভাগ ও দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের নতুন কোড নং ইস্যু এবং ই-ফাইলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে একটি কমিটি করার প্রস্তাবনা প্রদান করা হয়।
ক) জনাব মোঃ ছাইদুল ইসলাম, ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)- আহ্বায়ক
খ) জনাব মোঃ মশিউর রহমান, সহকারী ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)- সদস্য
গ) জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়)- সদস্য-সচিব।
উপরোক্ত কমিটিকে ই-ফাইলিং নতুন ডিজিটাল নম্বার এবং ই-ফাইলিং কার্যক্রম শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার দয়িত্ব প্রদান করা হয়।

সিদ্ধান্ত সমূহ ০৭ ঃ মিল্ক ইউনিয়নের সিটিজেন চার্টার এবং সকাল বিভাগ/শাখার সেবা মূল্যক কর্মকান্ত ডিজিটাল স্কীণে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে একটি খসড়া প্রস্তাবনা ইনোভেশন টীমের সদস্য-সচিব আগামী সভায় উপস্থাপন করার দায়িত্ব প্রদান করা হয়।

সিদ্ধান্ত সমূহ ০৮ ঃ মিল্ক ইউনিয়নের প্রশাসন বিভাগ সহ প্রতিটি বিভাগ/দপ্তর এর যে সমস্ত পত্র বা অন্যান্য বিষয় website আপলোড দিতে হবে সেগুলোর অনুলিপি, আহ্বায়ক, ওয়েব সাইড বরাবর প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত সমূহ ০৯ ঃ ঢাকা দুগ্ধ কারখানা, বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা ও টেকেরহাট দুগ্ধ কারখানার ইনোভেশন টিম এর মিটিং এ প্রধান কার্যালয়ের ইনোভেশন টিমের আহ্বায়ক, সদস্য-সচিব ও সদস্যবৃন্দ সাব ইনোভেশট টিমের মিটিং এ অতিথি হিসেব উপস্থিত থাকবেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/১২/১৮
(তোফায়েল আহম্মদ)
অতিঃ মহাব্যবস্থাপক (প্রশাঃ)
ও
আহ্বায়ক, ইনোভেশন কমিটি।

বিতরণ ঃ
১। জনাব তোফায়েল আহম্মদ, অতিঃ মহাব্যবস্থাপক (প্রশাসন) - আহ্বায়ক, ইনোভেশন টিম
২। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (পউজ) - সদস্য, ইনোভেশন টিম
৩। জনাব প্রীতম কুমার দাশ, উপ-ব্যবস্থাপক (পউজ) - সদস্য, ইনোভেশন টিম
৪। জনাব শুচিস্মান বিশ্বাস, উঃ সহঃ ব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য, ইনোভেশন টিম
৫। জনাব ফিরোজ অহমেদ খান, সহকারী ব্যবস্থাপক (বিপণন ও অর্থ) - সদস্য, ইনোভেশন টিম
৬। জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়) - সদস্য, ইনোভেশন টিম
৭। মিসেস রাশেদা আকতার, সিনিয়র অফিসার (পউজ) - সদস্য, ইনোভেশন টিম
৮। বিদুর কুমার ঘোষ, সিনিয়র অফিসার (নিরীক্ষা) - সদস্য, ইনোভেশন টিম
৯। জনাব মোঃ জালাল উদ্দিন (রানা), অফিস সহকরী, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর- সদস্য, ইনোভেশন টিম।

অনুলিপি ঃ (সদয় জ্ঞতার্থে) (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)
১। অতিঃ মহাব্যবস্থাপক (পিটিএম/প্রশাসন ও অর্থ)
২। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও জনসংযোগ)
৩। জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী- প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা
৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা
৬। মহাব্যবস্থাপক (প্রশাসন/পিটিএম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা
৭। অফিস নথি।